

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.৩৩৭.২০১৫-১৫৫২

তারিখ : ০৩ অগ্রহায়ন ১৪২২ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ীর নাম্বার প্লেট, রেজিস্ট্রেশন, ফিটনেস, টোকেন ও অন্যান্য কাগজপত্র হালনাগাদ করণসহ উক্ত উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত।

সূত্র : ১. টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলা পরিষদ কার্যালয়-এর স্মারক নং-০৫.০০.৯৩৫৭.০০.০২.০০৫.১৫-৩২;
তারিখ: ২৩ নভেম্বর, ২০১৫।

সূত্র : ২. টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলা পরিষদ কার্যালয়-এর স্মারক নং-০৫.০০.৯৩৫৭.০০.০২.০০৫.১৫-৩৩;
তারিখ: ২৩ নভেম্বর, ২০১৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জীপগাড়ীর নাম্বার প্লেট, রেজিস্ট্রেশন, ফিটনেস, টোকেন ও অন্যান্য ব্যয় বাবদ কত টাকা প্রয়োজন তা সংশ্লিষ্ট জেলার বিআরটিএ হতে চাহিদা সংগ্রহ করে পরিষদ সভায় অনুমোদন করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মধুপুর উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ী মেরামতের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত ২৪.০৪.২০০৫খ্রিঃ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩ (৪৭২)নং স্মারকের ক-ঢ ক্রমিকে বর্ণিত তথ্যাদি, গাড়ীটি মেরামতের ব্যয়-ভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা মাসিক সভায় উপস্থাপনপূর্বক প্রস্তাবিত ব্যয় নির্বাহের সুপারিশ এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হালনাগাদ ব্যাংক স্থিতির প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজাদি সংযোজন করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.A.M.
(ড. জুলিয়া মজিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭
E-mail : uz1lgd@gmail.com

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মধুপুর, টাঙ্গাইল।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর, টাঙ্গাইল।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।